SYNAPSE
MEDICAL ACADEMY

### 45তম বিসিএস

# General Part

### প্রশ্ন, ও সমাধান

**প্রশ্ন ১. 'ধ্বনি' সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়?**

ক) ধ্বনি দৃশ্যমান

খ) মানুষের ভাষার মূলে আছে কতগুলো ধ্বনি

গ) ধ্বনি উচ্চারণীয় ও শ্রবণীয়

ঘ) অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগ্‌ধ্বনি

**সঠিক উত্তর:** ক) ধ্বনি দৃশ্যমান

**ব্যাখ্যা: ধ্বনি:**

– ভাষার ক্ষুদ্রতম একককে ধ্বনি বলে।

– ধ্বনি বলতে সাধারণভাবে আমরা যেকোন আওয়াজকেই বুঝে থাকি।

– ভাষার ধ্বনি হলো **বাগ্‌যন্ত্রের** সাহায্যে উচ্চারিত এমন কিছু ধ্বনি, যা মনের ভাব প্রকাশের জন্য মানুষ ব্যবহার করে থাকে।

———

ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, "কোনও ভাষার উচ্চারিত শব্দকে বিশ্লেষণ করলে, আমরা কতগুলি ধ্বনি পাই।"

ধ্বনিতাত্ত্বিক মুহম্মদ আবদুল হাই **'ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব'** গ্রন্থে লিখেছেন, "অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগ্‌ধ্বনি।"

———

মূল কথা হলো,

– অর্থবোধক ধ্বনি সমষ্টিই ভাষার প্রধান উপাদান।

– কিন্তু **ধ্বনি দৃশ্যমান নয়**, **উচ্চারণীয়** ও **শ্রবণীয়**।

– ধ্বনিকে দৃশ্যমান দেওয়ার জন্য বা লিখিত আকারে প্রকাশ করার জন্যে প্রয়োজন হয় এক প্রকার সংকেত বা চিহ্নের। এই সঙ্কেত বা চিহ্নকে বর্ণ বলে।

– **ধ্বনি দৃশ্যমান না হলেও বর্ণ দৃশ্যমান হয়ে থাকে**।

**উৎস:** প্রমিত বাংলা ব্যাকরণ ও নির্মিতি- ড. হায়াৎ মামুদ ও ড. মোহাম্মদ আমীন।

**প্রশ্ন ২. স্বরান্ত অক্ষরকে কী বলে?**

ক) একাক্ষর

খ) মুক্তাক্ষর

গ) বদ্ধাক্ষর

ঘ) যুক্তাক্ষর

**সঠিক উত্তর:** খ) মুক্তাক্ষর

**ব্যাখ্যা: অক্ষর (Syllable):**
– বাগযন্ত্রের ক্ষুদ্রতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা শব্দাংশের নাম **অক্ষর (Syllable)**।
– অক্ষর দু প্রকার।
যথা: মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর।

---

**মুক্তাক্ষর:**
যখন একটি অক্ষরে একটিই বর্ণ থাকে, তখন তাকে মুক্তাক্ষর বলে।
**অযুগ্ম বা মুক্ত স্বরান্ত ধ্বনিকে মুক্তাক্ষর বলে। একে স্বরান্ত অক্ষরও বলা হয়।**
যেমন: 'ভালোবাসো যদি বলিবে না কেন?'
এখানে (ভা) (লো) (বা) (সো) (দি) (ব) (লি) (বে) (না) (কে) (ন) এই সবগুলোই (১২টি) মুক্তাক্ষর।

– মুক্তাক্ষর ∪ চিহ্ন দিয়ে বোঝানো হয়।
– মুক্তাক্ষর উচ্চারণের শেষে মুখ খোলা থাকে, ফলে অক্ষর উচ্চারণ করে ও তাকে প্রয়োজন মতো প্রলম্বিত করা চলে।
যেমন: অপরিচিত।

**বদ্ধাক্ষর:**
ব্যঞ্জনধ্বনি বা অর্ধস্বরধ্বনির মাধ্যমে যে সব অক্ষরের সমাপ্তি ঘটে তাকে বদ্ধাক্ষর বলে।
বদ্ধ অর্থ্যাৎ **যুগ্মাস্বরান্ত বা ব্যঞ্জনান্ত ধ্বনিকে বদ্ধাক্ষর বলে।**
যেমন : 'সোম বার দিনরাত হরতাল।
এখানে (সোম্) (বার্) (দিন্) (রাত) (হর্) (তাল্) এই সবগুলোই (৬টি) বদ্ধাক্ষর।

বদ্ধাক্ষর ( – ) চিহ্ন দিয়ে বোঝানো হয়।

উৎস: বাংলা কবিতার ছন্দ বিশ্লেষণ এবং বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা- ড. সৌমিত্র শেখর।

**প্রশ্ন ৩. শুদ্ধ বানানের গুচ্ছ কোনটি?**
ক) শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন
খ) শিরোশ্ছেদ, দারিদ্র্য, সমীচিন
গ) শিরঃশ্ছেদ, দরিদ্রতা, সমিচীন
ঘ) শিরচ্ছেদ, দরিদ্রতা, সমীচীন

**সঠিক উত্তর:** ক) শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন

**ব্যাখ্যা:** প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে –
**অপশন ক)** তে প্রদত্ত ৩টি শব্দ – **শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন –** এর বানানই শুদ্ধ।

অপশন খ) এর **দারিদ্র্য** বানান শুদ্ধ হলেও অন্য দুটি বানান অশুদ্ধ।
অপশন গ) **দরিদ্রতা** শুদ্ধ হলেও অন্য দুটি বানান অশুদ্ধ।
অপশন ঘ) **দরিদ্রতা ও সমীচীন** – শুদ্ধ হলেও অন্য বানানটি অশুদ্ধ।
==============

**• শিরশ্ছেদ (বিশেষ্য):**
– এর সঠিক উচ্চারণ হচ্ছে শিরোশ্‌ছেদ।
অর্থ: দেহ থেকে মাথা ছিন্নকরণ।

——————-

**দরিদ্রতা (বিশেষ্য):**
অর্থ: অসচ্ছলতা, নির্ধনতা ইত্যাদি।

এই শব্দটির অন্য শুদ্ধরূপ – 'দারিদ্র্য'। এটিও বিশেষ্য পদ।
তাই এর সাথে 'তা' প্রত্যয় যোগ করা সঠিক নয়। কারণ পূর্বেই দারিদ্র্য (দারিদ্র্য = দরিদ্র + য) শব্দটির সাথে একটি প্রত্যয় যোগ করা হয়েছে।

——————-

**সমীচীন (বিশেষণ):**
– এটি সংস্কৃত ভাষার শব্দ।
অর্থ: সংগত, উপযুক্ত, উত্তম।

**উৎস**: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

**প্রশ্ন ৪. আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ?**
ক) পাঞ্জাবি
খ) ফরাসি
গ) গ্রিক
ঘ) স্পেনিশ

**সঠিক উত্তর:** গ) গ্রিক

**ব্যাখ্যা: কলম (qalam):**
– শব্দটি আরবি ভাষা থেকে আগত।
অর্থ: কোনো শক্ত দণ্ডের প্রান্তে বল বা নিব সংযুক্ত করে তৈরি লেখনী।
ইংরেজি Pen শব্দের সাথে এর

————-

**কলম (qalam)** শব্দটি আদি উৎস **কলমোস (Kalamos/Κάλαμος) যা মূলত গ্রিক ভাষার শব্দ।**
**Kalamos/Κάλαμος** শব্দের অর্থ – a reed, a pen.

– It refers to the writing instrument made from a reed or a similar material. This term was borrowed into various languages, including Arabic.

**উৎস:** আধুনিক বাংলা অভিধান ও Etymology (Language Forum) ওয়েবসাইট।

**প্রশ্ন ৫. 'ভাষা চিন্তার শুধু বাহনই নয়, চিন্তার প্রসূতিও।' মন্তব্যটি কোন ভাষা-চিন্তকের?**
ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
খ) মুহম্মদ শহীদুল্লাহ্
গ) মুহম্মদ এনামুল হক
ঘ) সুকুমার সেন

**সঠিক উত্তর:** ঘ) সুকুমার সেন

**ব্যাখ্যা:** প্রশ্নে উল্লেখিত মন্তব্যটি করেন প্রখ্যাত ভাষা-চিন্তক – **সুকুমার সেন**।
– তিনি তাঁর **'ভাষার ইতিবৃত্ত'** গ্রন্থের **'ভাষা ও উপভাষা'** নামক অধ্যায়ে মন্তব্যটি করেন।
– গ্রন্থটি প্রথম ১৯৩৯ সালে প্রকাশিত হয়।

**সুকুমার সেনের ভাষায় –**
*" মানুষমাত্রেই কোন না কোন সংসার-সীমানার অথবা সমাজগণ্ডীর অন্তর্গত। স্বাভাবিক অবস্থায় কোন ব্যক্তি সংসার অথবা সমাজ বিরহিত নয়। যে সংসার বা সমাজের মধ্যে মানুষ বাস করে সে সংসার ও সমাজভুক্ত অন্যান্য ব্যক্তিদের সঙ্গে তাহার চিন্তা উদ্দেশ্য এবং কর্মগত সমতা কিছু না কিছু থাকিবেই। ভাষা এই সমতার প্রধান সাধন। ভাষার মধ্য দিয়া আদিম মানুষের সামাজিক প্রবৃত্তির প্রথম অঙ্কুর প্রকাশ পাইয়াছিল। ভাষার মধ্য দিয়াই সেই সামাজিক প্রবৃত্তি নানাদিকে নানাভাবে প্রসারিত হইয়া আদিম নরকে পশুত্বের অন্ধজড়তা হইতে উদ্ধার করিয়া তাহাকে মননশীল করিয়াছে। প্রকৃতির দাসত্ব হইতে মুক্তি পাইয়া মানুষ প্রকৃতির প্রভুত্বের অধিকারী হইয়াছে। **ভাষা চিন্তার শুধু বাহনই নয় চিন্তার প্রসূতিও।** লতা যেমন মঞ্চ- অবলম্বন না পাইলে বাড়িতে পারে না চিন্তাও তেমনি ভাষা- অবলম্বন ব্যতিরেকে বিচরণ করিতে অক্ষম।
পশুর সমাজ নাই এবং তাহা থাকিবার কথাও নয়। পশু একাকী অথবা জোড় বাঁধিয়া কিংবা দল লইয়া ঘুরিয়া বেড়ায়। কিন্তু পশুর দল পশুর " সমাজ" নয়, সে দলে একটিমাত্র পুরুষ-প্রাণী— কর্তা। সে দলকে সমাজ নয়, বরং পরিবার বলিতে পারি। পশুর জীবনধারণ শুধু বাঁচিয়া থাকা, সুতরাং তাহার পক্ষে ভাষা নিতান্ত অনাবশ্যক। তবে শারীরিক প্রয়োজনে অনেক পশু বিশেষ বিশেষ ডাক ডাকে।"*

---

**সুকুমার সেন:**
– জানুয়ারি, ১৯০০ সালে কলকাতায় জন্মগ্রহণ করেন এবং ১৯৯২ সালে মৃত্যুবরণ করেন।
– তিনি ১৯৬৩ সালে রবীন্দ্র পুরস্কার, ১৯৮১ সালে বিদ্যাসাগর পুরস্কার লাভ করেন।

**তাঁর অন্যান্য রচনা:**
– বাংলা স্থান নাম,
– বাংলায় নারীর ভাষা,
– বাংলা সাহিত্যে গদ্য,
– ভারতীয় আর্য সাহিত্যের,
– ভারত কথার গ্রন্থিমোচন,
– রামকথার প্রাক ইতিহাস,
– বটতলার ছাপা ও ছবি,
– বনফুলের ফুলবন,
– কলকাতার কাহিনি ইত্যাদি।

**উৎস:** ভাষার ইতিবৃত্ত, সুকুমার সেন এবং বাংলা সাহিত্যের ইতিহাস, মাহবুবুল হক।

**প্রশ্ন ৬. সর্বপ্রথম বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন কে?**
ক) মানোএল দ্য আস্‌সুম্পসাঁও
খ) রাজা রামমোহন রায়
গ) রামেন্দ্র সুন্দর ত্রিবেদী
ঘ) নাথানিয়েল ব্রাসি হ্যালহেড

**সঠিক উত্তর:** ক) মানোএল দ্য আস্‌সুম্পসাঁও

**প্রশ্ন ৭. উচ্চারণের রীতি অনুযায়ী নিচের কোনটি উচ্চমধ্য-সম্মুখ স্বরধ্বনি?**
ক) অ
খ) আ
গ) ও
ঘ) এ

**সঠিক উত্তর:** ঘ) এ

**প্রশ্ন ৮. 'তাম্বুলিক' শব্দের সমার্থক নয় কোনটি?**
ক) পান-ব্যবসায়ী
খ) পর্ণকার

গ) তামসিক
ঘ) বারুই

**সঠিক উত্তর:** গ) তামসিক

**প্রশ্ন ৯. 'তুমি তো ভারি সুন্দর ছবি আঁক!' – বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে?**
ক) পদান্বয়ী অব্যয়
খ) অনুসর্গ অব্যয়
গ) অনন্বয়ী অব্যয়
ঘ) অনুকার অব্যয়

**সঠিক উত্তর:** গ) অনন্বয়ী অব্যয়

**প্রশ্ন ১০. নিচের কোনটি যৌগিক শব্দ?**
ক) প্রবীণ
খ) জেঠামি
গ) সরোজ
ঘ) মিতালি

**সঠিক উত্তর:** ঘ) মিতালি

**প্রশ্ন ১১. 'সুনামীর তান্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে।'- বাক্যটিতে কয়টি ভুল আছে?**
ক) একটি
খ) দুটি
গ) তিনটি
ঘ) ভুল নেই

**সঠিক উত্তর:** গ) তিনটি

**প্রশ্ন ১২. কৃদন্ত পদের পূর্ববর্তী পদকে কী বলে?**
ক) উপপদ
খ) প্রাতিপদিক
গ) প্রপদ
ঘ) পূর্বপদ

**সঠিক উত্তর:** ক) উপপদ

**প্রশ্ন ১৩. 'তোমার নাম কী?'-এখানে 'কী' কোন প্রকারের পদ?**
ক) প্রশ্নবাচক
খ) অব্যয়
গ) সর্বনাম
ঘ) বিশেষণ

**সঠিক উত্তর:** গ) সর্বনাম

**প্রশ্ন ১৪. 'সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি?**
ক) কুটিল
খ) জটিল
গ) বক্র
ঘ) গরল

**সঠিক উত্তর:** ঘ) গরল

**প্রশ্ন ১৫. 'Rank' শব্দের বাংলা পরিভাষা কী?**
ক) পদ
খ) পদমর্যাদা

গ) মাত্রা
ঘ) উচ্চতা

**সঠিক উত্তর:** খ) পদমর্যাদা

**প্রশ্ন ১৬. চর্যাপদের তিব্বতি অনুবাদ প্রকাশ করেন কে?**
ক) প্রবোধচন্দ্র বাগচী
খ) যতীন্দ্র মোহন বাগচী
গ) প্রফুল্ল মোহন বাগচী
ঘ) প্রণয়ভূষণ বাগচী

**সঠিক উত্তর:** ক) প্রবোধচন্দ্র বাগচী

**প্রশ্ন ১৭. 'গীতগোবিন্দ' কাব্যের রচয়িতা জয়দেব কার সভাকবি ছিলেন?**
ক) শশাঙ্কদেবের
খ) লক্ষ্মণ সেনের
গ) যশোবর্মনের
ঘ) হর্ষবর্ধনের

**সঠিক উত্তর:** খ) লক্ষ্মণ সেনের

**প্রশ্ন ১৮. কবি যশোরাজ খান বৈষ্ণবপদ রচনা করেন কোন ভাষায়?**
ক) ব্রজবুলি
খ) বাংলা
গ) সংস্কৃত
ঘ) হিন্দি

**সঠিক উত্তর:** ক) ব্রজবুলি

**প্রশ্ন ১৯. নিচের কোন জন যুদ্ধকাব্যের রচয়িতা নন?**
ক) দৌলত উজির বাহরাম খাঁ
খ) সাবিরিদ খাঁ
গ) সৈয়দ সুলতান
ঘ) সৈয়দ নূরুদ্দীন

**সঠিক উত্তর:** ঘ) সৈয়দ নূরুদ্দীন

**প্রশ্ন ২০. কোনটি কবি জৈনুদ্দিনের কাব্যগ্রন্থ?**
ক) রসুল বিজয়
খ) মক্কা বিজয়
গ) রসুলচরিত
ঘ) মক্কানামা

**সঠিক উত্তর:** ক) রসুল বিজয়

**প্রশ্ন ২১. 'বিদ্যাসাগর ও বাঙালি সমাজ' গ্রন্থের রচয়িতা কে?**
ক) বিনয় ঘোষ
খ) সুবিনয় ঘোষ
গ) বিনয় ভট্টাচার্য
ঘ) বিনয় বর্মণ

**সঠিক উত্তর:** ক) বিনয় ঘোষ

**প্রশ্ন ২২. প্রথম সাহিত্যিক গদ্যের স্রষ্টা কে?**
ক) রাজা রামমোহন রায়
খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

গ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**সঠিক উত্তর:** খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**প্রশ্ন ২৩. প্যারীচাঁদ মিত্রের ‘আলালের ঘরের দুলাল’ প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয় কত সালে?**
ক) ১৮৫৮ সালে
খ) ১৯৭৮ সালে
গ) ১৮৪৮ সালে
ঘ) ১৮৬৮ সালে

**সঠিক উত্তর:** ক) ১৮৫৮ সালে

**প্রশ্ন ২৪. শচীন, দামিনী ও শ্রীবিলাস রবীন্দ্রনাথ ঠাকুরের কোন উপন্যাসের চরিত্র?**
ক) চতুরঙ্গ
খ) চার অধ্যায়
গ) নৌকাডুবি
ঘ) ঘরে বাইরে

**সঠিক উত্তর:** ক) চতুরঙ্গ

**প্রশ্ন ২৫. ‘তুমি মা কল্পতরু, আমরা সব পোষাগরু’- এই কবিতাংশটির রচয়িতা কে?**
ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত

**সঠিক উত্তর:** ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত

**প্রশ্ন ২৬. মীর মশাররফ হোসেনের কোন গ্রন্থের উপজীব্য হিন্দু-মুসলমানের বিরোধ?**
ক) গো-জীবন
খ) ইসলামের জয়
গ) এর উপায় কী
ঘ) বসন্তকুমারী নাটক

**সঠিক উত্তর:** ক) গো-জীবন

**প্রশ্ন ২৭. রবীন্দ্রনাথ ঠাকুর কত বয়সে ছোটগল্পকার হিসেবে আত্মপ্রকাশ করেন?**
ক) ১০ বছর
খ) ১২ বছর
গ) ১৪ বছর
ঘ) ১৬ বছর

**সঠিক উত্তর:** ঘ) ১৬ বছর

**প্রশ্ন ২৮. নিচের কোনটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পগ্রন্থ নয়?**
ক) ইছামতি
খ) মেঘমল্লার
গ) মৌরিফুল
ঘ) যাত্রাবদল

**সঠিক উত্তর:** ক) ইছামতি

**প্রশ্ন ২৯. 'আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে?**
ক) যুগ-বাণী
খ) রুদ্র-মঙ্গল

গ) দুর্দিনের যাত্রী
ঘ) রাজবন্দির জবানবন্দি

**সঠিক উত্তর:** খ) রুদ্র-মঙ্গল

**প্রশ্ন ৩০. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে মোতাহের হোসেন চৌধুরী কাকে তপোবন-প্রেমিক বলেছেন?**
ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়কে
খ) জসীম উদ্‌দীনকে
গ) রবীন্দ্রনাথ ঠাকুরকে
ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে

**সঠিক উত্তর:** গ) রবীন্দ্রনাথ ঠাকুরকে

**প্রশ্ন ৩১. 'আমি যখন জেলে যাই তখন ওর বয়স মাত্র কয়েক মাস।'- এখানে 'ওর' বলতে শেখ মুজিবুর রহমান কাকে বুঝিয়েছেন?**
ক) শেখ নাসেরকে
খ) শেখ কামালকে
গ) শেখ হাসিনাকে
ঘ) শেখ রেহেনাকে

**সঠিক উত্তর:** খ) শেখ কামালকে

**প্রশ্ন ৩২. আখতারুজ্জামান ইলিয়াস জন্মগ্রহণ করেন কোথায়?**
ক) গাইবান্ধায়
খ) বগুড়ায়
গ) ঢাকায়
ঘ) সিরাজগঞ্জে

**সঠিক উত্তর:** ক) গাইবান্ধায়

**প্রশ্ন ৩৩. মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত 'অমিত্রাক্ষর ছন্দ' প্রকৃত পক্ষে বাংলা কোন ছন্দের নব-রূপায়ণ?**

ক) স্বরবৃত্ত ছন্দ
খ) অক্ষরবৃত্ত ছন্দ
গ) মাত্রাবৃত্ত ছন্দ
ঘ) গৈরিশ ছন্দ

**সঠিক উত্তর:** খ) অক্ষরবৃত্ত ছন্দ

**প্রশ্ন ৩৪. 'বুক তার বাংলাদেশের হৃদয়' কাব্যগ্রন্থের রচয়িতা কে?**

ক) সৈয়দ শামসুল হক
খ) শামসুর রাহমান
গ) হাসান হাফিজুর রহমান
ঘ) আহসান হাবীব

**সঠিক উত্তর:** খ) শামসুর রাহমান

**প্রশ্ন ৩৫. 'দুর্দিনের দিনলিপি' স্মৃতিগ্রন্থটি কার লেখা?**

ক) আবুল ফজল
খ) আবদুল কাদির
গ) জাহানারা ইমাম
ঘ) মুশতারি শফী

**সঠিক উত্তর:** ক) আবুল ফজল

**প্রশ্ন ৩৬. She insisted on _____ leaving the house.**

ক) he

খ) him

গ) himself

ঘ) his

**সঠিক উত্তর:** ঘ) his

**প্রশ্ন ৩৭. The phrase 'Achilles heel' means–**

ক) a strong point

খ) a strong solution

গ) a weak point

ঘ) a permanent solution

**সঠিক উত্তর:** গ) a weak point

**প্রশ্ন ৩৮. He does not adhere __ any principle.**

ক) by

খ) in

গ) at

ঘ) to

**সঠিক উত্তর:** ঘ) to

**প্রশ্ন ৩৯. Millennium is a period of –**

ক) 100 year

খ) 1000 year

গ) 1 million year

ঘ) 1 billion year

**সঠিক উত্তর:** খ) 1000 year

**প্রশ্ন ৪০. Identify the passive form of the following sentence: “Who has broken this Jug?”**

ক) By whom has this Jug been broken?

খ) By whom has this Jug broken?

গ) By whom this Jug has been broken?

ঘ) Whom has this Jug been broken?

**সঠিক উত্তর:** ক) By whom has this Jug been broken?

**প্রশ্ন ৪১. Who is not a Victorian Poet?**

ক) Alfred Tennyson

খ) Robert Browning

গ) William Wordsworth

ঘ) Matthew Arnold

**সঠিক উত্তর:** গ) William Wordsworth

**প্রশ্ন ৪২. Which of the following novels was written by George Orwell?**

ক) 1984

খ) Brave New World

গ) A Clockwork Orange

ঘ) For Whom the Bell Tolls

**সঠিক উত্তর:** ক) 1984

**প্রশ্ন ৪৩. Identify the correct sentence:**

ক) She speaks English like English

খ) She speaks the English like English

গ) She speaks the English like the English

ঘ) She speaks English like the English

**সঠিক উত্তর:** ঘ) She speaks English like the English

**প্রশ্ন ৪৪. When one makes a promise, one must not go________ on it.**

ক) forward

খ) back

গ) by

ঘ) around

**সঠিক উত্তর:** খ) back

**প্রশ্ন ৪৫. I can't put up with him anymore. Here, "put up with" means:**

ক) To protect

খ) To terminate

গ) To tolerate

ঘ) To prevent

**সঠিক উত্তর:** গ) To tolerate

**প্রশ্ন ৪৬. The poem "To his Coy Mistress" was written by-**

ক) Andrew Marvell

খ) John Donne

গ) George Herbert

ঘ) Henry Vaughan

**সঠিক উত্তর:** ক) Andrew Marvell

**প্রশ্ন ৪৭. The synonym of ‘altitude’ is –**

ক) height

খ) width

গ) length

ঘ) depth

**সঠিক উত্তর:** ক) height

**প্রশ্ন ৪৮. The character, Elizabeth Bennett, appears in the novel-**

ক) Pride and Prejudice

খ) Tess of the D’llrberville

গ) Wuthering Heights

ঘ) Jane Eyre

**সঠিক উত্তর:** ক) Pride and Prejudice

**প্রশ্ন ৪৯. This could have worked if I _______ been more far-sighted.**

ক) have

খ) had

গ) might

ঘ) would

**সঠিক উত্তর:** খ) had

**প্রশ্ন ৫০. What may be considered courteous in one culture may be arrogant in another. Here the underlined word, “arrogant” means—**

ক) rude

খ) gracious

গ) coarse
ঘ) pretentious

**সঠিক উত্তর:** ক) rude

**প্রশ্ন ৫১. <u>Don Juan</u> was composed by—**
ক) W.B. Yeats
খ) E.B. Browning
গ) George Gordon Byron
ঘ) Alexander Pope

**সঠিক উত্তর:** গ) George Gordon Byron

**প্রশ্ন ৫২. Identify the imperative sentence:**
ক) Shut up!
খ) Shahin is playing football.
গ) I shall cook dinner now.
ঘ) What is your name?

**সঠিক উত্তর:** ক) Shut up!

**প্রশ্ন ৫৩. "Black Death" is the name of a—**
ক) fever
খ) black fever
গ) plague pandemic
ঘ) death of black people

**সঠিক উত্তর:** গ) plague pandemic

**প্রশ্ন ৫৪. 'Ulysses' is a poem written by—**

ক) Robert Browning

খ) Wordsworth

গ) S.T. Coleridge

ঘ) Alfred Tennyson

**সঠিক উত্তর:** ঘ) Alfred Tennyson

**প্রশ্ন ৫৫. Who wrote the poem 'Ozymandias'?**

ক) Thomas Hardy

খ) Robert Frost

গ) P.B. Shelley

ঘ) Edmund Spenser

**সঠিক উত্তর:** গ) P.B. Shelley

**প্রশ্ন ৫৬. Clym Yeobright is the protagonist of the novel—**

ক) David Copperfield

খ) Adam Bede

গ) A Passage to India

ঘ) The Return of the Native

**সঠিক উত্তর:** ঘ) The Return of the Native

**প্রশ্ন ৫৭. The train is running ______ forty miles an hour.**

ক) on

খ) to

গ) at
ঘ) for

**সঠিক উত্তর:** গ) at

**প্রশ্ন ৫৮. He divided the money ______ the two children.**
ক) between
খ) over
গ) among
ঘ) in between

**সঠিক উত্তর:** ক) between

**প্রশ্ন ৫৯. No one can______ that he is clever.**
ক) defy
খ) deny
গ) admire
ঘ) denounce

**সঠিক উত্তর:** খ) deny

**প্রশ্ন ৬০. Choose the right form of verb:**
**The boy (to lie) on the floor yesterday.**
ক) lies
খ) lied
গ) lay
ঘ) layed

**সঠিক উত্তর:** গ) lay

**প্রশ্ন ৬১. She played on the flute. Passive form is—**

ক) The flute was played by her.

খ) The flute was played on by her.

গ) The flute was played to her.

ঘ) The flute was being played by her.

**সঠিক উত্তর:** খ) The flute was played on by her.

**প্রশ্ন ৬২. Antonym for Adieu__________.**

ক) Farewell

খ) Good bye

গ) Hello

ঘ) Valediction

**সঠিক উত্তর:** গ) Hello

**প্রশ্ন ৬৩. 'Walk fast lest you should miss the train'. This is a—**

ক) Simple sentence

খ) Compound sentence

গ) Complex sentence

ঘ) Interrogative sentence

**সঠিক উত্তর:** গ) Complex sentence

**প্রশ্ন ৬৪. A number of singers in a church is called—**

ক) Choir

খ) Cast

গ) Claque

ঘ) Clump

**সঠিক উত্তর:** ক) Choir

**প্রশ্ন ৬৫. Put the right word in the blank.**
**"He reached the________of his literary career."**

ক) abattoir

খ) acme

গ) admonish

ঘ) abdicate

**সঠিক উত্তর:** খ) acme

**প্রশ্ন ৬৬. Anger may be compared ______fire.**

ক) to

খ) within

গ) against

ঘ) into

**সঠিক উত্তর:** ক) to

**প্রশ্ন ৬৭. Choose the correct sentence:**

ক) He discussed the matter.

খ) He discussed about the mater.

গ) He discussed on the matter.

ঘ) None of the above

**সঠিক উত্তর:** ক) He discussed the matter.

**প্রশ্ন ৬৮. Identify the correctly spelt word.**

ক) Horroscope

খ) Pneumonia

গ) Occassion

ঘ) Embarass

**সঠিক উত্তর:** খ) Pneumonia

**প্রশ্ন ৬৯. Desdemona is a character in the following Shakespearean play :**

ক) Macbeth

খ) Othello

গ) Hamlet

ঘ) King Lear

**সঠিক উত্তর:** খ) Othello

**প্রশ্ন ৭০. Meteorology is related to –**

ক) concrete slabs

খ) motor vehicles

গ) weather forecasting

ঘ) motor neurone disease

**সঠিক উত্তর:** গ) weather forecasting

**প্রশ্ন ৭১. $x^2y + xy^2$ এবং $x^2 + xy$ রাশিদ্বয়ের ল.সা.গু এবং গ.সা.গু এর গুণফল কত?**

ক) $x^2y^2(x + y)$

খ) $xy(x^2 + y^2)$

গ) $x^2y(x + y)^2$

ঘ) $xy^2(x^2 + y)$

**সঠিক উত্তর:** গ) $x^2y(x + y)^2$

**প্রশ্ন ৭২. যদি x : y = 2 : 3 এবং y : z = 5 : 7 হয়, তবে x : y : z = ?**

ক) 6 : 9 : 14

খ) 10 : 15 : 21

গ) 2 : 5 : 7

ঘ) 3 : 5 : 7

**সঠিক উত্তর:** খ) 10 : 15 : 21

**প্রশ্ন ৭৩. জাহিদ সাহেবের বেতন 10% কমানোর পর হ্রাসকৃত বেতন 10% বাড়ানো হলে তার কতটুকু ক্ষতি হল?**

ক) 0%

খ) 1%

গ) 5%

ঘ) 10%

**সঠিক উত্তর:** খ) 1%

**প্রশ্ন ৭৪. $(x + 5)^2 = x^2 + bx + c$ সমীকরণে b ও c এর মান কত হলে সমীকরণটি অভেদ হবে?**

ক) 3, 10

খ) 10, 15

গ) 15, 25

ঘ) 10, 25

**সঠিক উত্তর:** ঘ) 10, 25

**প্রশ্ন ৭৫. নিচের কোনটি সরলরেখার সমীকরণ?**

ক) $x/y = y/2$

খ) $x^2 + y = 1$

গ) $x/y = 1/2$

ঘ) $x = 1/y$

**সঠিক উত্তর:** গ) $x/y = 1/2$

**প্রশ্ন ৭৬. $p + q = 5$ এবং $p - q = 3$ হলে $p^2 + q^2$ এর মান কত?**

ক) 8

খ) 17

গ) 19

ঘ) 34

**সঠিক উত্তর:** খ) 17

**প্রশ্ন ৭৭. যদি $\log(a/b) + \log(b/a) = \log(a + b)$ হয়, তবে-**

ক) $a + b = 1$

খ) $a - b = 1$

গ) $a = b$

ঘ) $a^2 - b^2 = 1$

**সঠিক উত্তর:** ক) $a + b = 1$

**প্রশ্ন ৭৮. $2^{x+7} = 4^{x+2}$ হলে x এর মান কত?**

ক) 2

খ) 3

গ) 4

ঘ) 6

**সঠিক উত্তর:** খ) 3

**প্রশ্ন ৭৯. 1/√3, – 1, √3, ……… ধারটির পঞ্চম পদ কত?**

ক) – √3

খ) 9

গ) – 9√3

ঘ) 3√3

**সঠিক উত্তর:** ঘ) 3√3

**প্রশ্ন ৮০. যদি $1 + \tan^2\theta = 4$ এবং $\theta < 90°$ হয়, θ = ?**

ক) 30°

খ) 45°

গ) 60°

ঘ) 0°

**সঠিক উত্তর:** গ) 60°

**প্রশ্ন ৮১. একটি বৃত্তচাপ কেন্দ্রে 60° কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস 12 cm হলে বৃত্তচাপের দৈর্ঘ্য কত?**

ক) 4π

খ) 3π

গ) 2π

ঘ) π

**সঠিক উত্তর:** গ) 2π

**প্রশ্ন ৮২. একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 1 : 2√2 : 3 হলে এর বৃহত্তম কোণটির মান কত?**

ক) 30°

খ) 60°

গ) 80°

ঘ) 90°

**সঠিক উত্তর:** ঘ) 90°

**প্রশ্ন ৮৩. 29 থেকে 38 পর্যন্ত সংখ্যা হতে যে কোনো একটিকে ইচ্ছামত বেছে নিলে সেটি মৌলিক হওয়ার সম্ভাবনা কত?**

ক) 1/2

খ) 1/3

গ) 3/10

ঘ) 7/10

**সঠিক উত্তর:** গ) 3/10

**প্রশ্ন ৮৪. 0, 1, 2, 3, 4 অংকগুলি দ্বারা কতগুলি পাঁচ অংকের অর্থপূর্ণ সংখ্যা গঠন করা যাবে?**

ক) 96

খ) 120

গ) 24

ঘ) 144

**সঠিক উত্তর:** ক) 96

**প্রশ্ন ৮৫. A = হলে A = ?**

ক)

খ)

গ)

ঘ)

**সঠিক উত্তর:** ঘ)

**প্রশ্ন ৮৬. নিচের কোনটি চার্লসের সূত্র?**

ক) $V \propto T$

খ) $PV = K$

গ) $V \propto n$

ঘ) $P \propto T$

**সঠিক উত্তর:** ক) $V \propto T$

**প্রশ্ন ৮৭. সোডিয়াম ক্লোরাইড (NaCl) কেলাসের গঠন কীরূপ?**

ক) পৃষ্ঠতল কেন্দ্রিক ঘনকাকৃতির

খ) দেহ-কেন্দ্রিক ঘনকাকার

গ) সংঘবদ্ধ-ঘনকাকার

ঘ) সংঘবদ্ধ ষড়কৌণিক আকার

**সঠিক উত্তর:** ক) পৃষ্ঠতল কেন্দ্রিক ঘনকাকৃতির

**প্রশ্ন ৮৮. নিচের কোনটি প্রাইমারি দূষক?**

ক) $SO_3$

খ) $N_2O_5$

গ) NO

ঘ) $HNO_3$

**সঠিক উত্তর:** গ) NO

**প্রশ্ন ৮৯. HPLC এর পূর্ণরূপ কী?**

ক) High pressure liquid chromatography

খ) High power liquid chromatography

গ) High plant liquid chromatography

ঘ) High performance liquid chromatography

**সঠিক উত্তর:** ঘ) High performance liquid chromatography

**প্রশ্ন ৯০. নিচের কোনটি সিরামিক উপাদানের প্রধান কাঁচামাল?**

ক) $SiO_2$

খ) $Na_2CO_3$

গ) $Fe_2O_3$

ঘ) $NaNO_3$

**সঠিক উত্তর:** ক) $SiO_2$

**প্রশ্ন ৯১. সানস্ক্রিন লোশন তৈরিতে কোন ন্যানো পার্টিকেল ব্যবহৃত হয়?**

ক) $Na_2O$

খ) $ZnO$

গ) $Al_2O_3$

ঘ) $CuO$

**সঠিক উত্তর:** খ) ZnO

**প্রশ্ন ৯২. মানুষের দেহকোষে ক্রোমোজমের সংখ্যা –**

ক) ৪৪ টি
খ) ৪২ টি
গ) ৪৬ টি
ঘ) ৪৮ টি

**সঠিক উত্তর:** গ) ৪৬ টি

**প্রশ্ন ৯৩. সুষম খাদ্যে শর্করা, আমিষ ও চর্বিজাতীয় খাদ্যের অনুপাত?**

ক) ৪ : ১ : ১
খ) ৪ : ২ : ২
গ) ৪ : ২ : ৩
ঘ) ৪ : ৩ : ২

**সঠিক উত্তর:** ক) ৪ : ১ : ১

**প্রশ্ন ৯৪. মানুষের শরীরের রক্তের গ্রুপ কয়টি?**

ক) চারটি
খ) পাঁচটি
গ) তিনটি
ঘ) দুইটি

**সঠিক উত্তর:** ক) চারটি

**প্রশ্ন ৯৫. আর্সেনিকের পারমাণবিক সংখ্যা কত?**

ক) ৩৩
খ) ৩৮
গ) ৩৬
ঘ) ৪৪

**সঠিক উত্তর:** ক) ৩৩

**প্রশ্ন ৯৬. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম কী?**
ক) ট্যাকোমিটার
খ) অ্যালটিমিটার
গ) ওডোমিটার
ঘ) অডিওমিটার

**সঠিক উত্তর:** ক) ট্যাকোমিটার

**প্রশ্ন ৯৭. টেলিভিশনে যে তরঙ্গ ব্যবহৃত হয় –**
ক) রেডিও ওয়েভ
খ) অবলোহিত রশ্মি
গ) আলট্রা ভায়োলেট
ঘ) দৃশ্যমান রশ্মি

**সঠিক উত্তর:** ক) রেডিও ওয়েভ

**প্রশ্ন ৯৮. অণুজীব বিজ্ঞানের জনক কে?**
ক) রবার্ট কক্
খ) লুইস পাস্তুর
গ) এডওয়ার্ড জেনার
ঘ) এন্টনি ভন লিউয়েনহুক

**সঠিক উত্তর:** ঘ) এন্টনি ভন লিউয়েনহুক

**প্রশ্ন ৯৯. বাতাস একটি –**

ক) ডায়াচুম্বকীয় পদার্থ

খ) প্যারাচুম্বকীয় পদার্থ

গ) ফেরোচুম্বকীয় পদার্থ

ঘ) অ্যান্টিফেরোচুম্বকীয় পদার্থ

**সঠিক উত্তর:** খ) প্যারাচুম্বকীয় পদার্থ

**প্রশ্ন ১০০. বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বেশি গ্যাসটি হল –**

ক) অক্সিজেন

খ) কার্বন-ডাইঅক্সাইড

গ) নাইট্রোজেন

ঘ) হাইড্রোজেন

**সঠিক উত্তর:** ঘ) হাইড্রোজেন

**প্রশ্ন ১০১. GPU-এর পূর্ণরূপ কী?**

ক) Graph Processing Unit

খ) Graphic Processing Unit

গ) Graphics Processing Unit

ঘ) Geographical Processing Unit

**সঠিক উত্তর:** গ) Graphics Processing Unit

**প্রশ্ন ১০২. নিচের কোনটি ALU-এর আউটপুট রাখার জন্য ব্যবহৃত হয়?**

ক) Register

খ) ROM

গ) Flags

ঘ) Output Unit

**সঠিক উত্তর:** ক) Register

**প্রশ্ন ১০৩. DBMS-এর পূর্ণরূপ কী?**

ক) Data Backup Management System

খ) Database Management Service

গ) Database Management System

ঘ) Data of Binary Management System

**সঠিক উত্তর:** গ) Database Management System

**প্রশ্ন ১০৪. 2 কিলোবাইট মেমোরি address করার জন্য কতটি address লাইন দরকার?**

ক) 10

খ) 11

গ) 12

ঘ) 14

**সঠিক উত্তর:** খ) 11

**প্রশ্ন ১০৫. $(2FA)_{16}$ এই হেক্সাডেসিমেল সংখ্যাটিকে অক্টালে রূপান্তর করুন:**

ক) $(762)_8$

খ) $(1372)_8$

গ) $(228)_8$

ঘ) $(1482)_8$

**সঠিক উত্তর:** খ) $(1372)_8$

**প্রশ্ন ১০৬. এম্বেডেড সিস্টেমে সাধারণত কোন ধরনের মেমোরি ব্যবহৃত হয়?**

ক) RAM

খ) হার্ডডিস্ক ড্রাইভ

গ) ফ্লাশ মেমোরি

ঘ) অপটিকাল ডিস্ক ড্রাইভ

**সঠিক উত্তর:** ক) RAM

**প্রশ্ন ১০৭. নিচের কোনটি Spyware এর উদাহরণ?**

ক) Key loggers

খ) Avast

গ) Norton

ঘ) Kasparasky

**সঠিক উত্তর:** ক) Key loggers

**প্রশ্ন ১০৮. IPv4-এ নিচের কোনটি Google DNS Server এর IP Adders?**

ক) 8.8.7.6

খ) 8.7.8.6

গ) 8.8.8.6

ঘ) 8.8.8.8

**সঠিক উত্তর:** ঘ) 8.8.8.8

**প্রশ্ন ১০৯. ফায়ারওয়ালের প্রাথমিক কাজ কী?**

ক) সমস্ত আগত ট্রাফিক নেটওয়ার্কে ঢুকতে না দেওয়া।

খ) সমস্ত আগত ট্রাফিক নেটওয়ার্কে ঢুকার অনুমতি দেওয়া।

গ) আগত এবং বহির্গত নেটওয়ার্ক ট্রাফিক নিরীক্ষা এবং নিয়ন্ত্রণ করা।

ঘ) সমস্ত নেটওয়ার্ক ট্রাফিক এনক্রিপ্ট করা।

**সঠিক উত্তর:** গ) আগত এবং বহির্গত নেটওয়ার্ক ট্রাফিক নিরীক্ষা এবং নিয়ন্ত্রণ করা।

**প্রশ্ন ১১০. ইন্টারনেটের মাধ্যমে তথ্য আদান-প্রদানের জন্য সর্বাধিক ব্যবহৃত প্রোটোকল কী?**

ক) HTTP

খ) FTP

গ) DNS

ঘ) TCP/IP

**সঠিক উত্তর:** ঘ) TCP/IP

**প্রশ্ন ১১১. একটি কম্পিউটার নেটওয়ার্কে একটি LAN-এর একাধিক ডিভাইসকে একটি WAN-এর সাথে সংযুক্ত করে এমন ডিভাইস কোনটি?**

ক) রাউটার

খ) ওয়েব সার্ভার

গ) ব্রীজ

ঘ) হাব

**সঠিক উত্তর:** ক) রাউটার

**প্রশ্ন ১১২. প্রতারণামূলকভাবে সংবেদনশীল তথ্য যেমন পাসওয়ার্ড ও ক্রেডিট কার্ড নম্বর অর্জন করার জন্য ইন্টারনেট ব্যবহার করার অনুশীলনকে কী বলা হয়?**

ক) Phishing

খ) Spamming

গ) Ransom ware

ঘ) Sniffing

**সঠিক উত্তর:** ক) Phishing

**প্রশ্ন ১১৩. চিকিৎসা ক্ষেত্রে কম্পিউটার-এর কাজ কোনটি?**

ক) তথ্য সংরক্ষণ

খ) ইমেজ বিশ্লেষণ

গ) রোগী পর্যবেক্ষণ

ঘ) উপরের সবগুলো

**সঠিক উত্তর:** ঘ) উপরের সবগুলো

**প্রশ্ন ১১৪. নিচের কোনটি সার্বজনীন ডিজিটাল লজিক গেইট?**

ক) XOR

খ) AND

গ) NOR

ঘ) OR

**সঠিক উত্তর:** গ) NOR

**প্রশ্ন ১১৫. নিচের কোনটি ক্লাউড কম্পিউটিং এর বৈশিষ্ট্য নয়?**

ক) On-demand self service

খ) Broad network access

গ) Limited customization

ঘ) Physical ownership of servers

**সঠিক উত্তর:** ঘ) Physical ownership of servers

**প্রশ্ন ১১৬. কোন সংখ্যাটি পরে আসবে?**

**৮, ৪, ২, ১, ১/২, ১/৪,**

ক) ১/৮

খ) ১/৪

গ) ১/৫
ঘ) ১/৬

**সঠিক উত্তর:** ক) ১/৮

**প্রশ্ন ১১৭. কাগজের প্রতি পাতা বিক্রি হয় ২১ পয়সায়। চার পাতা কত পয়সায় বিক্রি হবে?**
ক) ৪ পয়সা
খ) ৯৪ পয়সা
গ) ৮ পয়সা
ঘ) ৮৪ পয়সা

**সঠিক উত্তর:** ঘ) ৮৪ পয়সা

**প্রশ্ন ১১৮. মনে কর প্রথম দুটি উক্তি সত্য। তবে শেষের উক্তিটি-**
ক) সত্য
খ) মিথ্যা
গ) অনিশ্চিত
ঘ) আংশিক সত্য

**সঠিক উত্তর:** গ) অনিশ্চিত

**প্রশ্ন ১১৯. কোন সংখ্যাটি নিম্নের শ্রেণিতে সবচাইতে স্বল্প পরিমাণ উপস্থাপন করে?**
ক) ৭
খ) ৮
গ) .৩৩
ঘ) .৩১

**সঠিক উত্তর:** ঘ) .৩১

**প্রশ্ন ১২০. যখন প্রতি ফুট দড়ি ১০ টাকায় বিক্রি হয়, তখন ৬০ টাকায় তুমি কত ফুট দড়ি ক্রয় করতে পারবে?**

ক) ৮ ফুট


খ) ৭ ফুট


গ) ৬ ফুট


ঘ) ১০ ফুট


**সঠিক উত্তর:** গ) ৬ ফুট


**প্রশ্ন ১২১. কোনটি ভারসাম্যপূর্ণ অবস্থায় থাকবে?**

ক) 


খ) 

গ) 


ঘ) 


**সঠিক উত্তর:** ক) 


**প্রশ্ন ১২২. নিম্নলিখিত সংখ্যা শ্রেণির সর্বশেষ সংখ্যার পরের সংখ্যাটি কত হবে?**
**১, ২, ৪, ৭, ১১, ?**

ক) ১৪

খ) ১৫

গ) ১৬

ঘ) ১৮

**সঠিক উত্তর:** গ) ১৬

**প্রশ্ন ১২৩. নিম্নের চিত্রে একটি নম্বরযুক্ত প্রতিকৃতি অন্যদের চাইতে সম্পূর্ণ আলাদা। সেই প্রতিকৃতিতে নম্বরটি কত?**

ক) ১
খ) ৩
গ) ২
ঘ) ৪

**সঠিক উত্তর:** ঘ) ৪


**প্রশ্ন ১২৪. নোবেল বিজয়ী নারী কয়জন?**
ক) ৫০ জন
খ) ৫৭ জন
গ) ০৩ জন
ঘ) ০৭ জন


**সঠিক উত্তর:** “বাতিল করা হয়েছে”


**প্রশ্ন ১২৫. যদি চ × G = ৪২ হয় তবে J × ট = ?**
ক) ১২০
খ) ৯২
গ) ১১৫
ঘ) ১১০

**সঠিক উত্তর:** ঘ) ১১০


**প্রশ্ন ১২৬. ROSE এর আয়নায় প্রতিবিম্ব কোনটি হবে?**

ক) 


খ) 

গ) 

ঘ) কোনটিই নয়


**সঠিক উত্তর:** গ) 


**প্রশ্ন ১২৭.**





ক)

সঠিক উত্তর: খ)

খ) 


গ) 


ঘ) 


**সঠিক উত্তর:** খ) 

**প্রশ্ন ১২৮. একটি ট্রেন ১/৫ সেকেন্ডে চলে ২০ ফুট। একই দ্রুততায় ট্রেনটি ৩ সেকেন্ডে কত ফুট চলবে?**

ক) ১০০ ফুট

খ) ১১০ ফুট

গ) ৩০০ ফুট

ঘ) কোনোটিই নয়

**সঠিক উত্তর:** গ) ৩০০ ফুট

**প্রশ্ন ১২৯. যাদের বুদ্ধ্যঙ্ক ১৪০ বা তার ঊর্ধ্বে তাদের বলা হয়—**

ক) অতিশয় প্রতিভাশালী

খ) প্রতিভাশালী

গ) সাধারণ

ঘ) মানসিক প্রতিবন্ধী

**সঠিক উত্তর:** ক) অতিশয় প্রতিভাশালী

**প্রশ্ন ১৩০. RESENT, RESERVE এই শব্দগুলো কী?**

ক) একই অর্থে

খ) বিপরীত ধর্মী অর্থ

গ) না এক না ভিন্ন অর্থ

ঘ) কোনোটিই নয়

**সঠিক উত্তর:** খ) বিপরীত ধর্মী অর্থ

**প্রশ্ন ১৩১. 'ভারত ছাড়' আন্দোলন শুরু হয়—**

ক) ১৯১৭ সালে

খ) ১৯২৭ সালে
গ) ১৯৩৭ সালে
ঘ) ১৯৪২ সালে

**সঠিক উত্তর:** ঘ) ১৯৪২ সালে

**প্রশ্ন ১৩২. 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি' গঠিত হয়—**
ক) ১৯৪৮ সালে
খ) ১৯৫০ সালে
গ) ১৯৫২ সালে
ঘ) ১৯৫৪ সালে

**সঠিক উত্তর:** গ) ১৯৫২ সালে

**প্রশ্ন ১৩৩. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?**
ক) রাষ্ট্রপতি
খ) স্পীকার
গ) চীফ হুইপ
ঘ) প্রধানমন্ত্রী

**সঠিক উত্তর:** ক) রাষ্ট্রপতি

**প্রশ্ন ১৩৪. ঐতিহাসিক 'ছয়-দফা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন—**
ক) ৫ ফেব্রুয়ারি ১৯৬৬
খ) ২৩ মার্চ ১৯৬৬
গ) ২৬ মার্চ ১৯৬৬
ঘ) ৩১ মার্চ ১৯৬৬

**সঠিক উত্তর:** খ) ২৩ মার্চ ১৯৬৬

**প্রশ্ন ১৩৫. 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' প্রতিষ্ঠাকালীন সাধারণ সম্পাদক—**

ক) শেখ মুজিবুর রহমান

খ) শামছুল হক

গ) আতাউর রহমান খান

ঘ) আবুল হাশিম

**সঠিক উত্তর:** খ) শামছুল হক

**প্রশ্ন ১৩৬. 'প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা' কথাটি সংবিধানের কোন্ অনুচ্ছেদে বলা হয়েছে?**

ক) অনুচ্ছেদ : ২

খ) অনুচ্ছেদ : ৩

গ) অনুচ্ছেদ : ৪

ঘ) অনুচ্ছেদ : ৫

**সঠিক উত্তর:** খ) অনুচ্ছেদ : ৩

**প্রশ্ন ১৩৭. ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ সংবিধানের কোন্ তফসিলে আছে?**

ক) চতুর্থ তফসিল

খ) পঞ্চম তফসিল

গ) ষষ্ঠ তফসিল

ঘ) সপ্তম তফসিল

**সঠিক উত্তর:** খ) পঞ্চম তফসিল

**প্রশ্ন ১৩৮. বাংলাদেশের সংবিধান অনুযায়ী "কোর্ট অব্ রেকর্ড" হিসাবে গণ্য—**

ক) লেবার কোর্ট

খ) জজ কোর্ট

গ) হাই কোর্ট
ঘ) সুপ্রীম কোর্ট

**সঠিক উত্তর:** ঘ) সুপ্রীম কোর্ট

**প্রশ্ন ১৩৯. বাংলাদেশে মোট কতটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?**
ক) ৬ (ছয়) টি
খ) ৭ (সাত) টি
গ) ৮ (আট) টি
ঘ) ৯ (নয়) টি

**সঠিক উত্তর:** গ) ৮ (আট) টি

**প্রশ্ন ১৪০. বাংলাদেশের কয়টি জেলার সাথে 'সুন্দরবন' সংযুক্ত আছে?**
ক) ৪ (চার) টি
খ) ৫ (পাঁচ) টি
গ) ৬ (ছয়) টি
ঘ) ৭ (সাত) টি

**সঠিক উত্তর:** খ) ৫ (পাঁচ) টি

**প্রশ্ন ১৪১. মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন্ সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?**
ক) ২ (দুই) নম্বর
খ) ৩ (তিন) নম্বর
গ) ৪ (চার) নম্বর
ঘ) ৫ (পাঁচ) নম্বর

**সঠিক উত্তর:** ক) ২ (দুই) নম্বর

**প্রশ্ন ১৪২. 'জয় বাংলা' কে জাতীয় স্লোগান হিসাবে মন্ত্রিসভায় কত তারিখে অনুমোদন করা হয়?**
ক) ২ মার্চ, ২০২২
খ) ৩ মার্চ, ২০২২
গ) ৪ মার্চ, ২০২২
ঘ) ৫ মার্চ, ২০২২

**সঠিক উত্তর:** ক) ২ মার্চ, ২০২২

**প্রশ্ন ১৪৩. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কবে গঠিত হয়?**
ক) ৬ এপ্রিল ১৯৭২
খ) ৭ এপ্রিল ১৯৭২
গ) ৮ এপ্রিল ১৯৭২
ঘ) ৯ এপ্রিল ১৯৭২

**সঠিক উত্তর:** গ) ৮ এপ্রিল ১৯৭২

**প্রশ্ন ১৪৪. 'e-TIN' চালু করা হয় কত সালে?**
ক) ২০১৩ সালে
খ) ২০১৪ সালে
গ) ২০১৫ সালে
ঘ) ২০১৬ সালে

**সঠিক উত্তর:** ক) ২০১৩ সালে

**প্রশ্ন ১৪৫. কত সালে মানি লন্ডারিং প্রতিরোধ আইনটি প্রবর্তন করা হয়?**
ক) ২০১১ সালে
খ) ২০১২ সালে

গ) ২০১৩ সালে
ঘ) ২০১৪ সালে

**সঠিক উত্তর:** খ) ২০১২ সালে

**প্রশ্ন ১৪৬. দেশের কোন জেলায় সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ কেন্দ্র অবস্থিত?**
ক) চট্টগ্রাম
খ) ফেনী
গ) নরসিংদী
ঘ) ময়মনসিংহ

**সঠিক উত্তর:** ঘ) ময়মনসিংহ

**প্রশ্ন ১৪৭. বাংলাদেশে বন গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?**
ক) রাজশাহী
খ) কুমিল্লা
গ) চট্টগ্রাম
ঘ) গাজীপুর

**সঠিক উত্তর:** গ) চট্টগ্রাম

**প্রশ্ন ১৪৮. বাংলাদেশের মৎস্য প্রজাতি গবেষণাগার কোথায় অবস্থিত?**
ক) চাঁদপুর
খ) ফরিদপুর
গ) ময়মনসিংহ
ঘ) ভোলা

**সঠিক উত্তর:** গ) ময়মনসিংহ

**প্রশ্ন ১৪৯. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?**
ক) কয়লা
খ) প্রাকৃতিক গ্যাস
গ) চুনাপাথর
ঘ) চীনামাটি

**সঠিক উত্তর:** খ) প্রাকৃতিক গ্যাস

**প্রশ্ন ১৫০. ইউরিয়া সারের কাঁচামাল কী?**
ক) প্রাকৃতিক গ্যাস
খ) চুনাপাথর
গ) মিথেন গ্যাস
ঘ) ইলমেনাইট

**সঠিক উত্তর:** ক) প্রাকৃতিক গ্যাস

**প্রশ্ন ১৫১. কোনটি বিচার বিভাগের কাজ নয়?**
ক) আইনের প্রয়োগ
খ) আইনের ব্যাখ্যা
গ) সংবিধানের ব্যাখ্যা
ঘ) সংবিধান প্রণয়ন

**সঠিক উত্তর:** ঘ) সংবিধান প্রণয়ন

**প্রশ্ন ১৫২. পারিবারিক আদালত অধ্যাদেশ কত সালে জারি হয়?**
ক) ১৯৮০ সালে
খ) ১৯৮১ সালে

গ) ১৯৮৫ সালে
ঘ) ১৯৯১ সালে

**সঠিক উত্তর:** গ) ১৯৮৫ সালে

**প্রশ্ন ১৫৩. 'গণহত্যা যাদুঘর' কোথায় অবস্থিত?**
ক) ঢাকা
খ) চট্টগ্রাম
গ) কুমিল্লা
ঘ) খুলনা

**সঠিক উত্তর:** ঘ) খুলনা

**প্রশ্ন ১৫৪. নভেরা আহমেদের পরিচয় কী হিসাবে?**
ক) কবি
খ) নাট্যকার
গ) কণ্ঠশিল্পী
ঘ) ভাস্কর

**সঠিক উত্তর:** ঘ) ভাস্কর

**প্রশ্ন ১৫৫. আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?**
ক) রাঙ্গামাটি
খ) বরিশাল
গ) চট্টগ্রাম
ঘ) ময়মনসিংহ

**সঠিক উত্তর:** ক) রাঙ্গামাটি

**প্রশ্ন ১৫৬. কোন এলাকাকে ‘Marine Protected Area (MPA)’ ঘোষণা করা হয়েছে?**
ক) সেন্টমার্টিন
খ) সেন্টমার্টিন এবং এর আশেপাশের এলাকা
গ) পটুয়াখালী ও বরগুনা
ঘ) হিরন পয়েন্ট

**সঠিক উত্তর:** খ) সেন্টমার্টিন এবং এর আশেপাশের এলাকা

**প্রশ্ন ১৫৭. বাংলাদেশের ভৌগলিক নির্দেশক পণ্য কয়টি?**
ক) ৯ (নয়) টি
খ) ১০ (দশ) টি
গ) ১১ (এগার) টি
ঘ) ১২ (বার) টি

**সঠিক উত্তর:** গ) ১১ (এগার) টি

**প্রশ্ন ১৫৮. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ‘মনিপুরী’ বাংলাদেশের কোন জেলায় বেশি বসবাস করে?**
ক) সিলেট
খ) মৌলভীবাজার
গ) হবিগঞ্জ
ঘ) সুনামগঞ্জ

**সঠিক উত্তর:** খ) মৌলভীবাজার

**প্রশ্ন ১৫৯. বাংলাদেশের ষষ্ঠ জাতীয় জনশুমারি ও গৃহ গণনা কোন সময়ে অনুষ্ঠিত হয়?**
ক) ১০ জুন থেকে ১৬ জুন, ২০২২
খ) ১৫ জুন থেকে ২১ জুন, ২০২২

গ) ১৫ জুলাই থেকে ২১ জুলাই, ২০২২
ঘ) ২০ জুলাই থেকে ২৬ জুলাই, ২০২২

**সঠিক উত্তর:** খ) ১৫ জুন থেকে ২১ জুন, ২০২২

**প্রশ্ন ১৬০. কূটনৈতিক ক্ষেত্রে অবদানের জন্য গত ২০২০ সালে প্রবর্তিত পুরস্কারের নাম কী?**
ক) বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স
খ) বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড
গ) বাংলাদেশ ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স
ঘ) বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড

**সঠিক উত্তর:** ক) বঙ্গবন্ধু ডিপ্লোমেটিক অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স

**প্রশ্ন ১৬১. বাংলাদেশ সদস্য নয় :**
ক) ILO
খ) SAARC
গ) NATO
ঘ) BIMSTEC

**সঠিক উত্তর:** গ) NATO

**প্রশ্ন ১৬২. ফিফা বিশ্বকাপ ফুটবল কখন প্রথম অনুষ্ঠিত হয়?**
ক) ১৯২৯
খ) ১৯৩০
গ) ১৯৩১
ঘ) ১৯৩২

**সঠিক উত্তর:** খ) ১৯৩০

**প্রশ্ন ১৬৩. কোন দেশে সমুদ্র বন্দর নাই?**
ক) মালদ্বীপ
খ) নেপাল
গ) গ্রীস
ঘ) ভেনেজুয়েলা

**সঠিক উত্তর:** খ) নেপাল

**প্রশ্ন ১৬৪. কোথায় ঐতিহাসিক ট্রয় নগর অবস্থিত?**
ক) ইটালি
খ) গ্রীস
গ) তুরস্ক
ঘ) ফ্রান্স

**সঠিক উত্তর:** গ) তুরস্ক

**প্রশ্ন ১৬৫. ক্ষুদ্রতম মহাদেশ :**
ক) অস্ট্রেলিয়া
খ) ইউরোপ
গ) আফ্রিকা
ঘ) দক্ষিণ আমেরিকা

**সঠিক উত্তর:** ক) অস্ট্রেলিয়া

**প্রশ্ন ১৬৬. কোথায় আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট অবস্থিত?**
ক) টোকিও
খ) ম্যানিলা

গ) ভারত
ঘ) নেপাল

**সঠিক উত্তর:** খ) ম্যানিলা

**প্রশ্ন ১৬৭. কোথায় ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক অবস্থিত?**
ক) লন্ডন
খ) প্যারিস
গ) ব্রাসেলস
ঘ) ফ্রাঙ্কফুর্ট

**সঠিক উত্তর:** ঘ) ফ্রাঙ্কফুর্ট

**প্রশ্ন ১৬৮. যুক্তরাষ্ট্রের ৪৫-তম প্রেসিডেন্ট কে ছিলেন?**
ক) রিচার্ড নিক্সন
খ) বিল ক্লিনটন
গ) কেনেডি
ঘ) ডনাল্ড ট্রাম্প

**সঠিক উত্তর:** ঘ) ডনাল্ড ট্রাম্প

**প্রশ্ন ১৬৯. TIFA এর পূর্ণরূপ কী?**
ক) Trade for International Finance Agreement
খ) Trade and Investment Framework Agreement
গ) Treaty for International Free Area
ঘ) Trade and Investment form America

**সঠিক উত্তর:** খ) Trade and Investment Framework Agreement

**প্রশ্ন ১৭০. ভারত কর্তৃক সিকিম সংযুক্ত হয়—**
ক) ১৯৭০
খ) ১৯৭২
গ) ১৯৭৫
ঘ) ১৯৭৭

**সঠিক উত্তর:** গ) ১৯৭৫

**প্রশ্ন ১৭১. ২০২২ সালে G-20 শীর্ষ বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?**
ক) সিংগাপুর
খ) জাকার্তা
গ) ম্যানিলা
ঘ) বালী

**সঠিক উত্তর:** ঘ) বালী

**প্রশ্ন ১৭২. চীন-ভারত যুদ্ধ কত সালে সংঘটিত হয়?**
ক) ১৯৫৯
খ) ১৯৬০
গ) ১৯৬২
ঘ) ১৯৬৩

**সঠিক উত্তর:** গ) ১৯৬২

**প্রশ্ন ১৭৩. পৃথিবীর গভীরতম স্থান :**
ক) ম্যারিয়ানা ট্রেঞ্চ
খ) ডেড সী

গ) বৈকাল হ্রদ
ঘ) লোহিত সাগর

**সঠিক উত্তর:** ক) ম্যারিয়ানা ট্রেঞ্চ

**প্রশ্ন ১৭৪. 'বেল্ট অ্যান্ড রোড' কার্যক্রম শুরু হয় :**
ক) ২০০০ সাল
খ) ২০০১ সাল
গ) ২০১৩ সাল
ঘ) ২০১৬ সাল

**সঠিক উত্তর:** গ) ২০১৩ সাল

**প্রশ্ন ১৭৫. বান্দা আচেহ কোথায় অবস্থিত?**
ক) ইন্দোনেশিয়া
খ) থাইল্যান্ড
গ) ফিলিপাইন
ঘ) কম্বোডিয়া

**সঠিক উত্তর:** ক) ইন্দোনেশিয়া

**প্রশ্ন ১৭৬. ফেসবুকের সদর দফতর :**
ক) সিয়াটল
খ) ক্যালিফোর্নিয়া
গ) ওয়াশিংটন
ঘ) নিউইয়র্ক

**সঠিক উত্তর:** খ) ক্যালিফোর্নিয়া

**প্রশ্ন ১৭৭. 'ভিক্টোরিয়া ডিজার্ট' কোথায় অবস্থিত?**
ক) কানাডা
খ) পশ্চিম আফ্রিকা
গ) নর্থ আমেরিকা
ঘ) অস্ট্রেলিয়া

**সঠিক উত্তর:** ঘ) অস্ট্রেলিয়া

**প্রশ্ন ১৭৮. কোনটি প্রাচীন সভ্যতা?**
ক) গ্রিস
খ) মেসোপটেমিয়া
গ) রোম
ঘ) সিন্ধু

**সঠিক উত্তর:** খ) মেসোপটেমিয়া

**প্রশ্ন ১৭৯. তিব্বত একটি-**
ক) উপত্যকা
খ) উপদ্বীপ
গ) দ্বীপ
ঘ) মরুভুমি

**সঠিক উত্তর:** ক) উপত্যকা

**প্রশ্ন ১৮০. 'Elephant Pass' অবস্থিত?**
ক) থাইল্যান্ড
খ) দক্ষিণ আফ্রিকা

গ) শ্রীলঙ্কা
ঘ) মালয়শিয়া

**সঠিক উত্তর:** গ) শ্রীলঙ্কা

**প্রশ্ন ১৮১. কোন দেশটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়?**
ক) সাইপ্রাস
খ) আলজেরিয়া
গ) ইস্টোনিয়া
ঘ) মাল্টা

**সঠিক উত্তর:** খ) আলজেরিয়া

**প্রশ্ন ১৮২. কোন নদীটির উৎপত্তিস্থান বাংলাদেশে?**
ক) কর্ণফুলি
খ) নাফ
গ) মেঘনা
ঘ) হালদা

**সঠিক উত্তর:** ঘ) হালদা

**প্রশ্ন ১৮৩. পানিতে দ্রবীভূত অক্সিজেন কোথায় অবস্থান করে?**
ক) পানির উপরিভাগে
খ) পানির মধ্যভাগে
গ) পানির আন্তঃআণবিক স্থানে
ঘ) পানির তলদেশে

**সঠিক উত্তর:** গ) পানির আন্তঃআণবিক স্থানে

**প্রশ্ন ১৮৪. গ্রীন হাউস গ্যাসের কোন গ্যাস বর্তমানে বৃদ্ধি পাচ্ছে না?**
ক) কার্বন ডাইঅক্সাইড
খ) মিথেন
গ) সিএফসি
ঘ) নাইট্রাস অক্সাইড

**সঠিক উত্তর:** গ) সিএফসি

**প্রশ্ন ১৮৫. বাংলাদেশে সিডর কখন আঘাত হানে?**
ক) ১৫ নভেম্বর ২০০৭
খ) ১৬ নভেম্বর ২০০৭
গ) ১৭ নভেম্বর ২০০৭
ঘ) ১৮ নভেম্বর ২০০৭

**সঠিক উত্তর:** ক) ১৫ নভেম্বর ২০০৭

**প্রশ্ন ১৮৬. বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা কত নটিক্যাল মাইল?**
ক) ১৫০ নটিক্যাল মাইল
খ) ২০০ নটিক্যাল মাইল
গ) ২৫০ নটিক্যাল মাইল
ঘ) ৩০০ নটিক্যাল মাইল

**সঠিক উত্তর:** খ) ২০০ নটিক্যাল মাইল

**প্রশ্ন ১৮৭. নিচের কোনটি বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাস ক্ষেত্র?**
ক) বাখরাবাদ
খ) হরিপুর

গ) তিতাস
ঘ) হবিগঞ্জ

**সঠিক উত্তর:** গ) তিতাস

**প্রশ্ন ১৮৮. ভূমিকম্প সংঘটন বিন্দুর সরাসরি উপরে ভূপৃষ্ঠস্থ বিন্দুকে বলে-**
ক) ফোকাস
খ) এপিসেন্টার
গ) ফ্রাকচার
ঘ) ফল্ট

**সঠিক উত্তর:** খ) এপিসেন্টার

**প্রশ্ন ১৮৯. বিশ্বব্যাপী নিচের কোন অর্থনৈতিক খাত থেকে সবচাইতে বেশি গ্রিন হাউস গ্যাস নির্গত হয়?**
ক) পরিবহন
খ) বিদ্যুৎ ও তাপ উৎপাদন
গ) ভবন নির্মাণ
ঘ) শিল্প

**সঠিক উত্তর:** খ) বিদ্যুৎ ও তাপ উৎপাদন

**প্রশ্ন ১৯০. উত্তর গোলার্ধে ক্রান্তীয় ঘূর্ণিঝড়ের বায়ু প্রবাহিত হয়-**
ক) ঘড়ির কাটার দিকে
খ) ঘড়ির কাটার বিপরীতে
গ) সোজা
ঘ) কোনটাই সঠিক নয়

**সঠিক উত্তর:** খ) ঘড়ির কাটার বিপরীতে

**প্রশ্ন ১৯১. ভালো-মন্দ কোন ধরনের মূল্যবোধ?**
ক) নৈতিক
খ) অর্থনৈতিক
গ) রাজনৈতিক
ঘ) সামাজিক

**সঠিক উত্তর:** ক) নৈতিক

**প্রশ্ন ১৯২. সুশাসনের পূর্বশর্ত কী?**
ক) নিরপেক্ষ আইন ব্যবস্থা
খ) নিরপেক্ষ বিচার ব্যবস্থা
গ) প্রশাসনের নিরপেক্ষতা
ঘ) মত প্রকাশের স্বাধীনতা

**সঠিক উত্তর:** ঘ) মত প্রকাশের স্বাধীনতা

**প্রশ্ন ১৯৩. 'Utilitarianism'-গ্রন্থের লেখক কে?**
ক) জন স্টুয়ার্ট মিল
খ) ইমানূয়েল কান্ট
গ) বার্ট্রান্ড রাসেল
ঘ) জেরেমি বেন্থাম

**সঠিক উত্তর:** ক) জন স্টুয়ার্ট মিল

**প্রশ্ন ১৯৪. সুশাসন প্রত্যয়টির উদ্ভাবক কে?**
ক) ইউরোপীয় ইউনিয়ন
খ) আই, এল, ও

গ) বিশ্বব্যাংক
ঘ) জাতিসংঘ

**সঠিক উত্তর:** গ) বিশ্বব্যাংক

**প্রশ্ন ১৯৫. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য অর্জনে সুশাসনের কোন দিকটির উপর গুরুত্ব দেওয়া হয়েছে?**
ক) সামাজিক দিক
খ) অর্থনৈতিক দিক
গ) মূল্যবোধের দিক
ঘ) গণতান্ত্রিক দিক

**সঠিক উত্তর:** ক) সামাজিক দিক

**প্রশ্ন ১৯৬. 'জ্ঞান হয় পুণ্য'-এই উক্তিটি কার?**
ক) থেলিস
খ) সক্রেটিস
গ) এ্যারিস্টটল
ঘ) প্লেটো

**সঠিক উত্তর:** খ) সক্রেটিস

**প্রশ্ন ১৯৭. নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষকে কী বলে?**
ক) শুদ্ধাচার
খ) মূল্যবোধ
গ) মানবিকতা
ঘ) সফলতা

**সঠিক উত্তর:** ক) শুদ্ধাচার

**প্রশ্ন ১৯৮. মূল্যবোধের উৎস কোনটি?**
ক) ধর্ম
খ) সমাজ
গ) নৈতিক চেতনা
ঘ) রাষ্ট্র

**সঠিক উত্তর:** গ) নৈতিক চেতনা

**প্রশ্ন ১৯৯. 'শর্তহীন আদেশ' ধারণাটির প্রবর্তক কে?**
ক) অ্যারিস্টটল
খ) বার্ট্রান্ড রাসেল
গ) হার্বার্ট স্পেন্সার
ঘ) ইমানূয়েল কান্ট

**সঠিক উত্তর:** ঘ) ইমানূয়েল কান্ট

**প্রশ্ন ২০০. সুশাসনের মূলভিত্তি-**
ক) গণতন্ত্র
খ) আমলাতন্ত্র
গ) আইনের শাসন
ঘ) মূল্যবোধ

**সঠিক উত্তর:** গ) আইনের শাসন